নমুনা প্রশ্ন

দ্বাদশ শ্রেণি

তৃতীয় সেমেস্টার

পূর্ণমান- ৪০

১. 'যে যেখানে পাইতেছে, সে সেইখানে রামাকে প্রহার করিতেছে...'--- কারা রামাকে প্রহার করছিলেন?

A. নীলরতনবাবু স্বয়ং এবং তরঙ্গ ও উদ্ধব

B. নীলরতনবাবু স্বয়ং এবং দ্বারবান ও উদ্ধব

C. নীলরতনবাবু স্বয়ং এবং গোবর্দ্ধন ঘোষ ও উদ্ধব

D. নীলরতনবাবু স্বয়ং এবং কালীকান্ত ও উদ্ধব

২। বিবৃতি ও কারণধর্মী প্রশ্ন থেকে ঠিক বিকল্পটি নির্ণয় করো:

বিবৃতি – ক : 'কর্ত্তা তখন একটুখানি ঘোমটা টানিয়া, একটু রসের হাসি হাসিয়া, মৃদুস্বরে কহিলেন,"তা মেরেছেন মেরেছেন, তুমি রাগ করিও না।"

বিবৃতি – খ : 'মারপিটের চোটে বস্ত্রমধ্য হইতে লুকান স্বর্ণগোলকটি পড়িয়া গেল।'

A. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য এবং কারণ খ হল বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা।

B. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য কিন্তু কারণ খ বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা নয়।

C. বিবৃতি ক ঠিক কিন্তু কারণ খ ভুল।

D. বিবৃতি ক ভুল কিন্তু কারণ খ ঠিক।

৩। বামস্তম্ভ ও ডানস্তম্ভ মেলাও:

| বামস্তম্ভ | ডানস্তম্ভ |
|---|---|
| (১) কালীকান্ত | (অ) গোবিন্দ চট্টোপাধ্যায় |
| (২) রাম মুখোপাধ্যায় | (আ) নন্দী |
| (৩) নীলরতনবাবু | (ই) রামা |
| (৪) মহাদেব | (ঈ) তরঙ্গ |

ঠিক বিকল্পটি হল ---

A. ১-ঈ ২-আ ৩-অ ৪-ই

B. ১-আ ২-ই ৩-অ ৪-ঈ

C. ১-ই ২-অ ৩-ঈ ৪-আ

D. ১-অ ২-ঈ ৩-ই ৪-আ

৪। ঠিক বিকল্পটি নির্ণয় করো:

ক. ‘কুসুমপেলব’ শব্দের অর্থ, ফুলের মতো কোমল।

খ. ‘কপোল’ শব্দের অর্থ কপাল নয়, গাল্।

গ. ‘অপ্রতিভ’ শব্দের বিপরীত শব্দ হল, সপ্রতিভ।

ঘ. ‘অনাবৃতদন্তসার’ শব্দের সমার্থক শব্দ হল, দন্তরুচিকৌমুদী

ঠিক বিকল্পটি হল:

A. ক সত্য খ সত্য গ সত্য ঘ সত্য

B. ক মিথ্যা খ মিথ্যা গ মিথ্যা ঘ মিথ্যা

C. ক মিথ্যা খ সত্য গ সত্য ঘ সত্য

D. ক সত্য খ সত্য গ সত্য ঘ মিথ্যা

৫। ‘...একখণ্ড হীরা নড়াইলে তাহার চারি দিক হইতে যেমন আলো ঝকমক করিয়া উঠে, আমার দেহের প্রত্যেক গতিতে তেমনি সৌন্দর্যের ভঙ্গি নানা স্বাভাবিক হিল্লোলে চারি দিকে ভাঙিয়া পড়িত।‘—এই উক্তির সঙ্গে খাপ খায় না এমন শব্দবন্ধগুলি চিহ্নিত করো:

A. শূন্য চক্ষুকোটর + অনাবৃতদন্তসার বিকট হাস্য +দীর্ঘ শুষ্ক অস্থিখণ্ড

B. যৌবনের কঠিন-কোমল নিটোল পরিপূর্ণতা + সৌন্দর্যরূপী ফুল + কনক-চাঁপা

C. সুডোল বাহু + আরক্ত করতল + লাবণ্যশিখার মতো অঙ্গুলি

D. ঈষৎক্লিষ্ট কুসুমপেলব মুখ + অসংযমিত চূর্ণকুন্তল + লজ্জায় আনমিত বড়ো বড়ো চোখের পল্লব

৬। কালানুক্রম অনুসারে সাজাও:

(i) অনভ্যাসবশত ঘুম হইতেছে না।

(ii) এমন সময় প্রথম কাক ডাকিল।

(iii) আমরা তখন পণ্ডিত-মহাশয়ের নিকট মেঘনাদবধ এবং ক্যাম্বেল স্কুলের এক ছাত্রের কাছে অস্থিবিদ্যা পড়িতাম।

নমুনা প্রশ্ন

দ্বাদশ শ্রেণি

তৃতীয় সেমেস্টার

পূর্ণমান- ৪০

১. 'যে যেখানে পাইতেছে, সে সেইখানে রামাকে প্রহার করিতেছে...'--- কারা রামাকে প্রহার করছিলেন?

A. নীলরতনবাবু স্বয়ং এবং তরঙ্গ ও উদ্ধব

B. নীলরতনবাবু স্বয়ং এবং দ্বারবান ও উদ্ধব

C. নীলরতনবাবু স্বয়ং এবং গোবর্দ্ধন ঘোষ ও উদ্ধব

D. নীলরতনবাবু স্বয়ং এবং কালীকান্ত ও উদ্ধব

২। বিবৃতি ও কারণধর্মী প্রশ্ন থেকে ঠিক বিকল্পটি নির্ণয় করো:

বিবৃতি – ক : 'কর্ত্তা তখন একটুখানি ঘোমটা টানিয়া, একটু রসের হাসি হাসিয়া, মৃদুস্বরে কহিলেন,"তা মেরেছেন মেরেছেন, তুমি রাগ করিও না।"

বিবৃতি – খ : 'মারপিটের চোটে বস্ত্রমধ্য হইতে লুকান স্বর্ণগোলকটি পড়িয়া গেল।'

A. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য এবং কারণ খ হল বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা।

B. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য কিন্তু কারণ খ বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা নয়।

C. বিবৃতি ক ঠিক কিন্তু কারণ খ ভুল।

D. বিবৃতি ক ভুল কিন্তু কারণ খ ঠিক।

৩। বামস্তম্ভ ও ডানস্তম্ভ মেলাও:

| বামস্তম্ভ | ডানস্তম্ভ |
|---|---|
| (১) কালীকান্ত | (অ) গোবিন্দ চট্টোপাধ্যায় |
| (২) রাম মুখোপাধ্যায় | (আ) নন্দী |
| (৩) নীলরতনবাবু | (ই) রামা |
| (৪) মহাদেব | (ঈ) তরঙ্গ |

ঠিক বিকল্পটি হল ---

A. ১-ঈ ২-আ ৩-অ ৪-ই

(iv) সে বলিল, 'সবচেয়ে মজার কথা যদি শুনিতে চাও তো আমার জীবনের কথা বলি।'

কালানুক্রমিকভাবে সাজিয়ে লেখার ঠিক ক্রমটি হবে---

A. iii / i / iv / ii

B. ii / iv / iii / i

C. iv / ii / i / iii

D. i / iii / ii / iv

৭। 'গ্রামে ______________ ছেলেদের কাছে কথাটা পাড়তেই তারা তখুনি রাজি হয়ে গেল।'--- শূন্যস্থানে কোন বিকল্পটি ঠিক?

A. বালক সংঘের

B. কিশোর সংঘের

C তরুণ সংঘের.

D. যুবক সংঘের

৮। সত্য / মিথ্যা যাচাই করো:

গল্প থেকে জানা যায়---

ক. বিনয় তরুণ সংঘের সেক্রেটারি এবং স্পষ্টবাক, আদর্শবাদী যুবক।

খ. ইউনিয়ন বোর্ডের সভাপতি বরেন দাঁ একজন দিলখোলা, পরোপকারী মানুষ।

ঠিক বিকল্পটি হল:

A. ক ও খ উভয়ই সত্য

B. ক ও খ উভয়ই মিথ্যা

C. ক মিথ্যা খ সত্য

D. ক সত্য খ মিথ্যা

৯। 'রোজ ক-খানা গাঁ বেড়াতে হয়?'--- এই প্রশ্নের উত্তরে বলা গ্রামের নামগুলির মধ্যে ভুল বিকল্পটি নির্বাচন করো:

A. হানিভাঙ্গা, দুগগোপুর, সরভোগ

B. দুগগোপুর, সরভোগ, নিশ্চিন্দিপুর

C. সরভোগ, দেকাটি, হানিভাঙ্গা

D. দেকাটি, হানিভাঙ্গা, দুগগোপুর

১০। বিবৃতি ও কারণধর্মী প্রশ্ন থেকে ঠিক বিকল্পটি নির্বাচন করো:

বিবৃতি – ক : 'গৌর পিয়নকে অভিনন্দন দেব না কেন? সত্যিকার সমাজসেবক সে, পঁয়ত্রিশ বছর ধরে গ্রামে গ্রামে চিঠি বিলি করে এসেছে ঝড়জলকে তুচ্ছ করে--- শীত মানেনি, গ্রীষ্ম মানেনি।'

বিবৃতি – খ : 'রসিক চক্কত্তি দারোগাকে আমরা ও-বছর অভিনন্দন দিইচি কাকা,...সে অতি ধড়িবাজ লোক ছিল, ঘুষ খেত দু-তরফ থেকেই। তাকে যখন অভিনন্দন দিয়েচি--- '

A. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য এবং কারণ খ হল বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা।

B. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য কিন্তু কারণ খ বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা নয়।

C. বিবৃতি ক ঠিক কিন্তু কারণ খ ভুল।

D. বিবৃতি ক ভুল কিন্তু কারণ খ ঠিক।

**কবিতা:**

১১। 'প্রার্থনা'-কবিতাটি একটি

A. এপিক বা মহাকাব্য

B. সনেট বা চতুর্দশপদী কবিতা

C. ব্যালাড বা গীতিকা

D. এপিসল বা পত্রকাব্য

১২। ভারতবর্ষকে যে স্বর্গে কবি জাগরিত দেখতে চান সেখানে খাপ খায় না এমন বিকল্পটি হল---

A. বাক্য হৃদয়ের উৎসমুখ হতে উচ্ছ্বসিয়া উঠে

B. গৃহের প্রাচীর আপন প্রাঙ্গণতলে দিবসশর্বরী বসুধারে রাখিয়াছে খণ্ড ক্ষুদ্র করি

C. তুচ্ছ আচারের মরুবালুরাশি বিচারের স্রোতঃপথ ফেলে নাই গ্রাসি

D. নির্ধারিত স্রোতে দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায় অজস্র সহস্রবিধ চরিতার্থতায়

১৩। উপযুক্ত বিকল্পটি নির্বাচন করে শূন্যস্থান পূরণ করো:

‘নিত্য যেথা তুমি সর্ব __________________ নেতা,...’

A. কর্ম বাক্য চিন্তার

B. সত্য শিব সুন্দরের

C. কর্ম চিন্তা আনন্দের

D. আরাম আনন্দ শান্তির

১৪। রেখাচিত্রভিত্তিক প্রশ্ন থেকে ঠিক বিকল্পটি নির্বাচন করো:

‘কবি যাদের গান গাইতে চান, তারা কেবল ভাঙতেই জানে না, গড়তেও জানে।‘--- এই উক্তির সমর্থনে কবিতা থেকে উপযুক্ত উদ্ধৃতি চিহ্নিত করো---

A. ( মিথ্যা মোহের পূজামণ্ডপে আসিল অকুতোভয়ে )+( এল নির্মম-মোহ-মুদগর ভাঙনের গদা লয়ে )

B. ( ভাঙে অপ-দেবতার মন্দির-আস্তানা )+( ভাঙে বক-ধার্মিক-নীতি-বৃদ্ধের সনাতন তাড়িখানা )

C. ( লক্ষ যুগের প্রাচীন মমির পিরামিডে গেল লিখে তাদের ভাঙার ইতিহাস-লেখা )+(বিধি-নিষেধের চীনের প্রাচীরে দু'-হাতে চালাল হাতুড়ি শাবল )

D. (গোরস্থানেরে চষে ছুঁড়ে ফেলে যত শব কঙ্কাল বসালো ফুলের মেলা) + (ভিড়ে মুখর আজিকে জীবনের বালি-বেলা)

১৫। ‘অতীত রাতের বন্দিনী ঊষা ঘুম টুটি’ ঐ হাসে!’-পংক্তিটি কবিতার কোন স্তবকে রয়েছে?

A. চতুর্থ স্তবক

B. তৃতীয় স্তবক

C. দ্বিতীয় স্তবক

D. প্রথম স্তবক

১৬। উপযুক্ত বিকল্পটি নির্বাচন করো:

ক. ‘যাহাদের টুঁটি চেপে’--- এখানে টুঁটি-শব্দের অর্থ, টুটিয়া বা ভেঙে গিয়ে।

খ. ‘মানিক আহরি’--- এখানে আহরি’-শব্দের অর্থ, আহরণ করে।

গ. ‘আনে যারা খুঁড়ি’--- এখানে খুঁড়ি’-শব্দের অর্থ, খুঁড়ে বা খনন করে।

ঘ. ‘গুঞ্জরি’ ফেরে’--- এখানে গুঞ্জরি’-শব্দের অর্থ, গুঞ্জরণ করে।

ঠিক বিকল্পটি হল:

A. ক মিথ্যা খ সত্য গ সত্য ঘ সত্য

B. ক মিথ্যা খ মিথ্যা গ মিথ্যা ঘ মিথ্যা

C. ক সত্য খ সত্য গ সত্য ঘ সত্য

D. ক সত্য খ সত্য গ সত্য ঘ মিথ্যা

১৭। 'আমি গাই তারি গান'-কবিতায় সংস্কারকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে?

A. শালগ্রাম শিলা

B. আগ্নেয় শিলা

C. পাললিক শিলা

D. জগদ্দল শিলা

১৮। 'সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে!'---বাক্যটির মর্মার্থ হল,

A. সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে সবসময় ঝরে যায়।

B. সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কখনও ঝরে যায় না।

C. সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কখনও কখনও ঝরে যায়।

D. সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কখনও কখনও ঝরে যায় না।

১৯। 'চারিদিকে শান্ত বাতি-ভিজে গন্ধ-মৃদু কলরব;'--- এখানে যে যে ইন্দ্রিয়-প্রত্যক্ষের প্রসঙ্গ এসেছে তা হল,

A. দর্শন, ঘ্রাণ ও স্পর্শ

B. ঘ্রাণ, আস্বাদন ও শ্রবণ

C. দর্শন, ঘ্রাণ ও শ্রবণ

D. আস্বাদন, স্পর্শ ও ঘ্রাণ

২০। সত্য / মিথ্যা যাচাই করো:

ক. পৃথিবীর এইসব গল্প বেঁচে র'বে চিরকাল।

খ. এশিরিয়া ধুলো আজ – বেবিলন ছাই হয়ে আছে।

ঠিক বিকল্পটি হল:

A. ক ও খ উভয়ই সত্য

B. ক ও খ উভয়ই মিথ্যা

C. ক মিথ্যা খ সত্য

D. ক সত্য খ মিথ্যা

২১। বাংলা 'ঠ্' ধ্বনির ক্ষেত্রে কোন বিকল্পটি ঠিক

A. মহাপ্রাণ ও ঘোষ

B. মহাপ্রাণ ও অঘোষ

C. অল্পপ্রাণ ও ঘোষ

D. অল্পপ্রাণ ও অঘোষ

২২। নীচের কোন্‌টি অল্পপ্রাণ, অঘোষ ও দন্ত্য ধ্বনি

A. দ্

B. ধ্

C. ত্

D. থ্

২৩। উপযুক্ত বিকল্পটি নির্বাচন করো:

ক. 'এ' ধ্বনি হল সম্মুখ স্বরধ্বনি

খ. 'এ' ধ্বনি হল অর্ধবিবৃত স্বরধ্বনি

গ. 'এ' ধ্বনি হল প্রসারিত স্বরধ্বনি

ঠিক বিকল্পটি হল:

A. ক মিথ্যা খ সত্য গ সত্য

B. ক মিথ্যা খ মিথ্যা গ মিথ্যা

C. ক সত্য খ মিথ্যা গ সত্য

D. ক সত্য খ সত্য গ সত্য

২৪। ভত্ত>ভাত— এখানে ধ্বনি যেভাবে পরিবর্তিত হল, তাকে বলা যায়

ক. যুগ্মব্যঞ্জনের একটি লোপ

খ. ক্ষতিপূরক দীর্ঘীভবন

A. ক সত্য খ মিথ্যা

B. ক মিথ্যা খ সত্য

C. ক ও খ মিথ্যা

D. ক ও খ সত্য

২৫। সুবর্ণ>স্বর্ণ হল

A. অপিনিহিতির উদাহরণ

B. আদিস্বরলোপের উদাহরণ

C. মধ্যস্বরলোপের উদাহরণ

D. অন্ত্যস্বরলোপের উদাহরণ

২৬। নীচের কোনটি অর্থসংক্রমের উদাহরণ

A. বাতুল>বাউল

B. মনুষ্য>মুনিস

C. সন্দেশ>খবর>মিষ্টান্ন

D. উপাধ্যায়>রোজা

২৭। নীচের কোনটি য়-শ্রুতির উদাহরণ

A. মোদক>মোয়া

B. জেনারেল>জাঁদরেল

C. তাম্র>তাঁবা

D. উদ্ধার>ধার

২৮। নীচের কোন বিকল্পটি হল ধ্বনির রূপান্তরের উদাহরণ

A. অপিনিহিতি

B. বিষমীভবন

C. স্বরভক্তি

D. স্বরলোপ

২৯। 'সূর্য পশ্চিম দিকে ওঠে।' – এই বাক্যটি নীচের কোনটির উদাহরণ

A. বিধেয়

B. আকাঙ্ক্ষা

C. আসত্তি

D. যোগ্যতা

৩০। ‘গ্রামে জোগাড় গ্রামে তার চলছে’ – এই বাক্যে নীচের কোনটির অভাব

A. ক্রিয়া

B. যোগ্যতা

C. আকাঙ্ক্ষা

D. আসত্তি

৩১। বাক্যতত্ত্বের ইংরাজি প্রতিশব্দ কী?

A. Morphology

B. Phonology

C. Syntax

D. Graphology

৩২। বিবৃতি ও কারণধর্মী প্রশ্ন থেকে ঠিক বিকল্পটি নির্ণয় করো:

বিবৃতি – ক : অব্যবহিত উপাদানের সর্বশেষ পর্যায়ে পাওয়া যায় 'পদ'।

বিবৃতি – খ : বাক্যের ক্ষুদ্রতম একক পদ।

A. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য এবং কারণ খ হল বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা।

B. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য কিন্তু কারণ খ বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা নয়।

C. বিবৃতি ক ঠিক কিন্তু কারণ খ ভুল।

D. বিবৃতি ক ভুল কিন্তু কারণ খ ঠিক।

৩৩। বামস্তম্ভ ও ডানস্তম্ভ মেলাও:

| বামস্তম্ভ | ডানস্তম্ভ |
|---|---|
| (১) লাং-পারোল | (অ) নোয়াম চমস্কি |
| (২) কমপিটেন্স-পারফরম্যান্স | (আ) লিওনার্ড ব্লুমফিল্ড |
| (৩) অব্যবহিত উপাদান | (ই) সুনীতিকুমার চট্টোপাধ্যায় |
| (৪) *দ্য অরিজিন অ্যান্ড ডেভেলপমেন্ট অফ দ্য বেঙ্গলি ল্যাংগুয়েজ* | (ঈ) ফার্দিনান্দ দ্য সোস্যুর |

ঠিক বিকল্পটি হল ---

A. ১-ঈ ২-আ ৩-অ ৪-ই

B. ১-আ ২-ই ৩-অ ৪-ঈ

C. ১-ঈ ২-অ ৩-আ ৪-ই

D. ১-অ ২-ঈ ৩-ই ৪-আ

৩৪। ঠিক বিকল্পটি নির্ণয় করো:

ক. জর্জ গ্রিয়ারসন ল্যাড(LAD)-এর ধারণার জনক।

খ. সোস্যুর বিশ শতকের গোড়ার দিকে ভাষাতত্ত্বের চর্চায় বিপ্লব ঘটান।

গ.  সরল বাক্যে একটি উদ্দেশ্য ও একটি বিধেয় থাকে।

ঘ. বিশেষ্যজোট জোট বাঁধে বিশেষ্য ও ক্রিয়াপদ নিয়ে।

ঠিক বিকল্পটি হল:

A. ক সত্য খ সত্য গ সত্য ঘ সত্য

B. ক মিথ্যা খ মিথ্যা গ মিথ্যা ঘ মিথ্যা

C. ক সত্য খ মিথ্যা গ মিথ্যা ঘ সত্য

D. ক মিথ্যা খ সত্য গ সত্য ঘ মিথ্যা

৩৫। 'উত্তর-আধুনিক ভাষাবিজ্ঞানে পদগুচ্ছ সংগঠন বিষয়টিকে বাক্যবিশ্লেষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ মনে করা হয়েছে।'— এই উক্তির সঙ্গে খাপ খায় না এমন বাক্যটি চিহ্নিত করো:

A. বাক্যে কোনো পদ একা থাকে না, জোট বেঁধে থাকে।

B. বাক্যের গঠনের প্রধান বিবেচ্য বিষয় তার যোগ্যতা-আকাঙ্ক্ষা-আসত্তি

C. ক্রিয়াধর্মী পদগুচ্ছ জোট ক্রিয়াপদ ও বিশেষ্যপদের যোগে তৈরি হয়।

D. একটি বাক্য মূলত দুটি জোট নিয়ে তৈরি হয়--- বিশেষ্যধর্মী ও ক্রিয়াধর্মী পদগুচ্ছ জোট।

৩৬। নীচের কনটি নোয়াম চমস্কির সঙ্গে জড়িত নয়:

(i) ল্যাড(LAD)

(ii) লাঙ-পারোল

(iii) সঞ্জননী ব্যাকরণ

(iv) ল্যাস(LASS)

A. i

B. ii

C. iii

D. iv

৩৭। 'অনুজ্ঞাসূচক বাক্যে ক্রিয়া কেবল ______ কালে হয়।'--- শূন্যস্থানে কোন বিকল্পটি ঠিক?

A. বর্তমান ও ভবিষ্যৎ

B. অতীত ও বর্তমান

C অতীত ও ভবিষ্যৎ

D. নিত্য বর্তমান

৩৮। সত্য / মিথ্যা যাচাই করো---

ক. অন্তর্মুখী সংগঠন দুই রকমের--- অধীনস্থ ও যোগিক।

খ. অনুসর্গজোট বহির্মুখী সংগঠনের প্রকৃষ্ট উদাহরণ ।

ঠিক বিকল্পটি হল:

A. ক ও খ উভয়ই সত্য

B. ক ও খ উভয়ই মিথ্যা

C. ক মিথ্যা খ সত্য

D. ক সত্য খ মিথ্যা

৩৯। ভুল বিকল্পটি নির্বাচন করো:

বাংলা বাক্যের পদসংস্থানের স্বাভাবিক ক্রমের নিয়ম----

A. কর্ম-কর্তা-ক্রিয়া

B ক্রিয়া-কর্তা-কর্ম

C. কর্তা-কর্ম-ক্রিয়া

D. ক্রিয়া-কর্ম-কর্তা

৪০। বিবৃতি ও কারণধর্মী প্রশ্ন থেকে ঠিক বিকল্পটি নির্বাচন করো:

বিবৃতি – ক : 'অর্থগত দিক থেকে বাংলা বাক্যগুলিকে প্রধানত নির্দেশক, বিবৃতিমূলক, প্রশ্নবাচক, অনুজ্ঞাবাচক এবং ভাবপ্রকাশক--- এই পাঁচটি গোত্রে বিন্যস্ত করা গেলেও বস্তুত তাদের শ্রেণিবিভাগ হবে দশ প্রকার।

বিবৃতি – খ : 'প্রত্যেক গোত্রের বাক্যকে অস্ত্যর্থক ও নঞর্থক--- এই দুই ভাগে বিভক্ত করা যায় না।'

A. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য এবং কারণ খ হল বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা।

B. বিবৃতি ক ও কারণ খ উভয়ই সত্য কিন্তু কারণ খ বিবৃতি ক-র ঠিক ব্যাখ্যা নয়।

C. বিবৃতি ক ঠিক কিন্তু কারণ খ ভুল।

D. বিবৃতি ক ভুল কিন্তু কারণ খ ঠিক।

**উত্তরসূত্র:**

১। B

২। A

৩। C

৪। D

৫। A

৬। A

৭।C

৮। D

৯। B

১০। A

১১। B

১২। B

১৩। C

১৪। D

১৫। B

১৬। A

১৭। D

১৮। B

১৯। C

২০। A

২১। B

২২ ।C

২৩ ।C

২৪ ।D

২৫ ।C

২৬ ।C

২৭ ।A

২৮ ।B

২৯ ।D

৩০ ।D

৩১. C

৩২. A

৩৩. C

৩৪. D

৩৫. B

৩৬. B

৩৭. A

৩৮. A

৩৯. C

৪০. C